শিশুদের জন্য বাইবেল

নিবেদন করছে



নহিমিয়ের বিরাট দেওয়াল

লেখক: Edward Hughes
চিত্রাংকন: Jonathan Hay
অভিযোজন: Mary-Anne S.
অনুবাদক: Manab Biswas
প্রযোজনায়: শিশুদের জন্য বাইবেল
www.M1914.org

BFC
PO Box 3
Winnipeg, MB R3C 2G1
Canada

©2015 Bible for Children, Inc
স্বত্তাধিকার: গল্পটির অনুলিপি বা প্রিন্ট ব্যবহার করা যাবে তবে বিক্রয় করা যাবেনা।

পারস্য, একটি শক্তিশালী দেশ, সমস্ত পৃথিবী শাসন করছিল। রাজা অর্তক্ষস্ত পারস্য শাসন করছিলেন। এটা তাকে পৃথিবীর পরাক্রমশালী শাসনকর্তা হিসাবে পরিচিত করেছে।

একদিন নহিমিয় রাজার সামনে গম্ভীর মুখে এলেন। রাজা জানতে চাইলেন, কী হয়েছে। নহিমিয় বললেন, "হে রাজন, আপনি দীর্ঘজীবি হোন, আমি দুঃখিত তার কারণ হল যে, যে শহরে আমার বাবাকে কবর দেওয়া হয়েছে, সেই শহরটা ধ্বংস হয়েছে ও তার প্রধান ফটক পুড়ে গেছে"। নহিমিয় জেরুশালেম সম্বন্ধে বলছিলেন। যা অনেক বছর আগে যুদ্ধে ধ্বংস হয়ে গিয়েছিল।

রাজা অর্তক্ষস্ত জিজ্ঞাসা করলেন, “তুমি কী করতে চাও?” নহিমিয় অনুনয় করলেন, “আমাকে জেরুশালেমে যেতে দিন, যাতে আমি আবার দেওয়ালটা তৈরি করতে পারি”। রাজা অর্তক্ষস্ত রাজি হয়ে গেলেন। তিনি তাকে রাজপত্র দিলেন, যাতে ভ্রমণ করার সময় রক্ষা পায়।

রাজা তাকে আরও সাহায্য করেলেন।
তিনি আসফকে একটি পত্র দিলেন, যিনি রাজার জঙ্গলের রক্ষণাবেক্ষণ করত।
তিনি আসফকে আদেশ দিলেন, শহরের দেওয়াল বানানোর জন্য যেন সে নহিমিয়কে কাঠ সরবরাহ করে।



নহিমিয় যখন জেরুশালেমে পৌঁছাল, তখন তিনি শহরের অধ্যক্ষদের এক করে বললেন, “আমরা সমস্যার মধ্যে আছি। শহরটা ধ্বংস হয় গেছে, আর প্রধান ফটক পুড়ে ছাই হয়ে গেছে। চল আবার শহরটাকে বানানো যাক”। তিনি তাদের বললেন, রাজা অর্তক্ষস্ত অনুমোদন করেছেন। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল, ঈশ্বর তাদের সঙ্গে ছিলেন।

নহিমিয়ের বিশ্বাস ও উদ্দীপনা অন্য লোকদের উৎসাহিত করল। তারা রাজি হয়ে বললেন, “চল আবার তৈরি করি”। নহিমিয় বললেন, প্রত্যেক পরিবার একটা করের ইঁট দেওয়ালে বসাবে।

কিন্তু সকলে দেওয়াল তৈরি করতে রাজি হল না। সনবল্লট নামে একজন লোক ও তার দুই বন্ধু টোবিয় ও গেশম যিহূদী ছিল না, তারা দেওয়ালটা আবার তৈরি করতে অথবা ফটকটা লাগাতে চাইছিল না।

যেই কাজ শুরু হল – সনবল্লট ভীষণ রেগে গেল। সে ও তার বন্ধুরা যিহূদীদের ঠাট্টা করতে লাগল। টোবিয় বলল, “পুঁচকে দেওয়ালটা বানাতে কতদিন লাগবে, একটা ছোট শেয়াল তা ভেঙ্গে দেবে”। নহিমিয় কোনও উত্তর দিলন না, বরং তিনি ঈশ্বরের কাছে প্রার্থনা করলেন। ঈশ্বর তাদের ব্যবস্থা করবেন।

যখন তাদের ঠাট্টা-তামাসা কোনও প্রভাব ফেলল না, তখন তারা একসাথে চক্রান্ত করল যে, জেরুশালেমের বিরুদ্ধে লড়বে ও যতটা সম্ভব পারা যায়, সমস্যা তৈরি করবে। আবার নহিমিয় ঈশ্বরের কাছে সাহায্যের জন্য প্রার্থনা করলেন। তিনি দেওয়ালটা দেখার জন্য রাতে ও দিনে রক্ষী রাখলেন, যাতে তারা আচমকা হামলা করতে না পারে।

ইহুদিরা কঠিন পরিশ্রম করতে লাগল, তারা উদ্বিগ্ন হতে লাগল। তাদের মধ্যে অনেকে ভীত হয়ে পড়েছিল যে, কাজ করার সময় হয়তো শত্রুরা এসে তাদের হত্যা করবে। তবুও নহিমিয় এই প্রকল্পের কাজ থামালেন না। তিনি কর্মচারীদের চারপাশে রক্ষী বসালেন ও তাদের স্মরণ করিয়ে দিলেন যে, ঈশ্বর তোমাদের সহবর্তী ছিলেন ও ঈশ্বর তোমাদের শত্রুদের থেকে শক্তিশালী।

নহিমিয় সুন্দর উদাহরণ হয়েছিলেন। রাজা অর্তক্ষস্ত তাকে জেরুশালেমের

রাজ্যপাল বানিয়ে লোকদের কাছে খাদ্য ও টাকা চাওয়ার অধিকার দিলেন, কিন্তু তিনি এটা করলেন না। দেওয়াল বানানোর জন্য তিনি লোকদের সাথে কঠিন পরিশ্রম করলেন। তিনি নিজের পয়সা দিয়ে খাদ্য কিনেছিলেন।

অবশেষে লোকেরা দেওয়ালটা বানানো সম্পূর্ণ করল ও শুধু প্রধান প্রবেশ দ্বারের দরজা লাগাতে বাকি ছিল। যখন সনবল্লট, টোবিয় ও গেশম শুনল যে, দেওয়ালে কোনও ফাঁক নেই, তখন তারা নহিমিয়কে মারার পরিকল্পনা করল।

তারা নহিমিয়েরের সাথে সাক্ষাত করার জন্য বার্তা পাঠিয়ে জানাল যে, ওনো নামক এক জায়গায় তারা দেখা করবে। কিন্তু তিনি জানতেন যে, তারা তাকে চক্রান্ত করে শহরের বাইরে বার করে দিয়ে আঘাত করবে। তিনি তাদের লিখে জানালেন, তাদের সাথে সাক্ষাত করার জন্য তিনি তার কাজ ছেড়ে আসবেন না।

অবশেষে দেওয়াল বানানো শেষ হয়ে গেল ও নহিমিয় এটা

রক্ষা করার জন্য পাহারা বসালেন।

তিনি একটি
আইন বানালেন যে,
যতক্ষণ না সূর্য ভালো
করে ওঠে,
ততক্ষণ
দেওয়ালের দরজা খোলা
হবে না এবং তা রাতে
বন্ধ করা থাকবে।

এখন শহরটা নিরাপদ ছিল। যে সমস্ত ইহুদি পৃথিবীর বিভিন্ন প্রান্তে নির্বাসিত হয়েছিল, তারা জেরুশালেমে ফিরলেন। নহিমিয় হয়তো খুব খুশি হয়েছিলেন যে, ঈশ্বর তাকে যে কাজ দিয়েছিলেন, অনেক বাধা সত্ত্বেও তিনি তা সম্পূর্ণ করেছিলেন। তিনি জেরুশালেমে ছিলেন ও লোকদের সবসময় ঈশ্বরের বাধ্য হওয়াতে সাহায্য করেছিলেন।

নহিমিয়ের বিরাট দেওয়াল

ঈশ্বরের বাক্য থেকে বাইবেলের গল্প, বাইবেল,

যেখানে পাওয়া যায়

নহিমিয়

“তোমার বাক্য প্রকাশিত হলে তা আলো দান করে।”
গীতসংহিতা ১১৯:১৩০

সমাপ্ত

35

60

বাইবেলের এই গল্প মহান ঈশ্বর সম্পর্কে আমাদের শিক্ষা দেয় যিনি আমাদের নির্মান করেছেন এবং তিনি চান যেন আপনি তাঁর সম্পর্কে জানেন।

ঈশ্বর জানেন আমরা মন্দ কাজ করেছি, যাকে তিনি পাপ বলেন। পাপের শাস্তি হচ্ছে মৃত্যু, কিন্তু ঈশ্বর আমাদের এতই ভাল বাসলেন যে তিনি তাঁর একমাত্র পুত্র যীশুকে পাঠালেন যেন আমাদের পাপের শাস্তিস্বরূপ তিনি ক্রুশে মৃত্যুবরন করেন। এর পর যীশু মৃত্যু থেকে জীবিত হলেন এবং স্বর্গে চলে গেলেন। যদি আপনি যীশুকে কিশ্বাস করেন এবং আপনার পাপের জন্য তাঁর কাছে ক্ষমা চান, তাহলে তিনি ক্ষমা করবেন। তিনি আসবেন এবং আপনার অন্তরে বাস করবেন, এবং আপনিও তাঁর সংগে অনন্তকাল ধরে থাকবেন।

আপনি যদি এই সত্যকে বিশ্বাস করেন, তাহলে ঈশ্বরের উদ্দেশ্যে এই কথাগুলো বলুন: প্রিয় যীশু, আমি বিশ্বাস করি যে তুমি আমার প্রভু, এবং আমার পাপের জন্য তুমি মানুষ হয়ে জন্মেছিলে, আর এখন তুমি আবার জীবিত হয়ে উঠেছো। দয়াকরে আমার জীবনে এসো এবং আমার পাপ ক্ষমা করো, যাতে আমি নতুন জীবন পেতে পারি, এবং তোমার সংগে যেন অনন্তকাল ধরে থাকতে পারি। আমাকে সাহায্য কর যেন তোমার সন্তান হিসাবে তোমার বাধ্য থাকতে পারি এবং তোমার জন্য বেঁচে থাকতে পারি। আমেন।

বাইবেল পড়ুন এবং প্রতিদিন ঈশ্বরের সংগে কথা বলুন! যোহন ৩:১৬